INFORMATION WANTED

This is the photograph of **Unknown Male Dead Body,** found on 28.12.2024 at about 11:00 A.M. under Barasat PS area, Description of this Deadbody is: **Age**-20 to 45 Years, **Sex:** Male, **Complexion**-Shyamla, **Height**-5 Feet 6 Inch, **Wearing**-A Portion of a Ghee Colour Shirt. Please Contact Officer in Charge, Missing Persons Bureau, C.I.D., West Bengal, Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D162(3)/2025

INFORMATION WANTED

This is the photograph of **Sutapa Durlav,** Father's Name-**Madhumangal Durlav,** of Nokari Madhya Para, PS-Ranaghat, Dist.-Ranaghat Police District, who has been missing since 08.09.2023 at about 11:00 hrs. from Uncle's House at Malipota, PS-Santipur, Dist.-Ranaghat Police District, Description of this missing person is : **Age**-17 Years, **Complexion**-Fair, **Height**-5 Feet 4 Inch, **Wearing**-Churidar. Please Contact Officer in Charge, Missing Persons Bureau, C.I.D., West Bengal, Bhabani Bhaban, Kolkata-700027, Ph. No.-033-2450-6120.

ICA-D 150(3)/2025

SBI

এসবিআই রিজিওনাল অফিস, আরবিও-IV, কলকাতা
১/১৬, ভিআইপি রোড, কলকাতা-৭০০০৭১

নতুন শাখা খোলার জন্য উপযুক্ত প্রেমিসেস আবশ্যক

১) রোজডেল/ইউনিওয়ার্লড সিটি, ডাউনটাউন মল, নিউ টাউন ও ২) চিংড়িঘাটা, বাইপাস রোড-এ দুই নতুন শাখা খোলার জন্য স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ইজারায় নতুন প্রেমিসেস নিতে আগ্রহী। প্রেমিসেস কৌশলগতভাবে অবশ্যই প্রধান রাস্তার ওপর সামান্য কমবেশি ১৫০০-২০০০ বর্গফুট স্পেসযুক্ত, **অগ্রাধিকার ভিত্তিতে একতলায় প্রশস্ত সম্মুখভাগ,** যথেষ্ট দৃশ্যমানতা, নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ, গ্রিন জেনারেটরের স্পেস, জলের যথাযথ সংযোগ, প্রেমিসেসের আশেপাশে পার্কিংয়ের সুবিধা বিশিষ্ট হতে হবে এবং সংলগ্ন এলাকায় জল জমার সমস্যা থাকা চলবে না। পুরো স্পেস অগ্রাধিকার ভিত্তিতে এক তলা বা দ্বিতীয় তল হলে বাধ্যতামূলকভাবে লিফ্‌টের সুবিধা থাকতেই হবে, অবস্থিত এবং ব্যবহারের জন্য সম্পূর্ণরূপে তৈরি হতে হবে। সরকারি দপ্তর বা রাষ্ট্রায়ত্ত ইউনিটের স্বত্বাধীন প্রেমিসেস অগ্রাধিকার পাবে। উপযুক্ত প্রেমিসেসের বৈধ স্বত্ব থাকা আগ্রহী পক্ষগণ সম্পত্তির পূর্ণ বিবরণ ও অনুমোদিত প্ল্যানের প্রতিলিপি সমেত তাঁদের প্রস্তাব সম্পত্তির বিশদ, সাইট প্ল্যানের অনুমোদিত কপি ও বিল্ডিং প্ল্যানের কপি সহ টেকনিক্যাল বিডযুক্ত খাম নং ১ ও লিজের বাণিজ্যিক শর্তাবলী সহ আর্থিক বিডযুক্ত খাম নং ২ **'টেকনিক্যাল বিড' ও 'কমার্শিয়াল বিড'** শীর্ষাঙ্কিত দুটি আলাদা খামে ভরে **'নতুন শাখা খোলার জন্য উপযুক্ত প্রেমিসেসের আবেদন'** শীর্ষাঙ্কিত অপর একটি বড় খামে ভরে মুখবন্ধ অবস্থায় **রিজিওনাল ম্যানেজার, আরবিও-IV, কলকাতা, ১/১৬, ভিআইপি রোড, সিআইটি স্কিম, কলকাতা-৭০০০৫৪** কাছে জমা দেবেন।
কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত প্রস্তাব গ্রহণ বা বাতিলের পূর্ণ অধিকার স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার থাকবে। **আবেদন গ্রহণের শেষ তারিখ ০৫.০২.২০২৫, দুপুর ৩টা।**

স্থান: কলকাতা — স্বাঃ/-
তারিখ: ২২.০১.২০২৫ — রিজিওনাল ম্যানেজার, আরবিও-IV, কলকাতা

AXIS BANK

অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড

এ সি মার্কেট বিল্ডিং, চতুর্থ তল, ১, শেক্সপিয়র সরণি, কলকাতা-৭০০০৭১
রেজিস্টার্ড অফিস: ত্রিশূল, চতুর্থ তল, সমর্থেশ্বর মন্দিরের বিপরীতে ল গার্ডেনের কাছে, এল্লিসব্রিজ, আহমেদাবাদ-৩৮০০০৬
ফোন: ০৭৯-২৬৪০৯৩২২; ফ্যাক্স: ০৭৯-২৬৪০৯৩২১

দখল বিজ্ঞপ্তি (স্থাবর সম্পত্তির জন্য)
[সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(১)-সহ পঠনীয় পরিশিষ্ট IV অনুসারে]

যেহেতু, অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(১২) ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত ঋণগ্রহীতা (গণ)/ সহ ঋণগ্রহীতা (গণ)/ জামিনদার (গণ)-এর প্রতি দাবি বিজ্ঞপ্তি জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদি আদায় দেওয়ার জন্য তাঁদের প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা (গণ)/ সহ ঋণগ্রহীতা (গণ)/ জামিনদার (গণ) বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা (গণ)/ সহ ঋণগ্রহীতা (গণ)/ জামিনদার(গণ) এবং জনসাধারণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত রুলসমূহের রুল নং ৮-সহ পঠনীয় উক্ত অ্যাক্টের ১৩ (৪) নং ধারাধীনে অর্পিত ক্ষমতাবলে এখানে নীচে লেখা তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা (গণ)/ সহ ঋণগ্রহীতা (গণ)/ জামিনদার (গণ) এবং জনসাধারণকে এতদ্দ্বারা নিম্নোক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে যে কোনও প্রকার লেনদেন ওই বিজ্ঞপ্তিতে উল্লিখিত অর্থাঙ্ক, তৎসহ দাবি বিজ্ঞপ্তির তারিখ থেকে চুক্তিমাফিক হারে ভবিষ্যতের সুদ, জরিমানা সুদ, চার্জ, মাশুল ইত্যাদির প্রেক্ষিতে অ্যাক্সিস ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতি দায়সাপেক্ষ হবে।
সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য সময়সীমার মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদগুলি ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা	(ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক (খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ (গ) দখলের তারিখ (প্রতীকী)
(১) **শ্রী রহমত আলি,** পিতা- সোহরাব আলি (২) **শ্রীমতী খালিদা খাতুন,** স্বামী- রহমত আলি। সকলেই গ্রাম ও থানা- মাড়গ্রাম, বীরভূম-৭৩১২২৪	(ক) ₹ ৪৭,৩০৭/- লোন অ্যাকা নং ৯২২০৩০০০৫০৭৫৩৪৪৪ ক্ষেত্রে ১০.০৫.২০২৪ অনুযায়ী বকেয়া (এই অর্থাঙ্কে ০১.১১.২০২৩ পর্যন্ত সুদ প্রযুক্ত) এবং ₹ ১০,৫০,৫৫১/- লোন অ্যাকা নং ৯২২০৩০০০৫০৭৫৩৪৩১ ক্ষেত্রে ১০.০৫.২০২৪ অনুযায়ী বকেয়া (এই অর্থাঙ্কে ০১.১১.২০২৩ পর্যন্ত সুদ প্রযুক্ত) (খ) ১৫.০৫.২০২৪ (গ) ২০.০১.২০২৫

স্থাবর সম্পত্তির বিবরণ (জামিনযুক্ত সম্পদ)
কমবেশি ২ ডেসিমেল জমির সকল অপরিহার্য অংশ অবস্থিত মৌজা- মাড়গ্রাম, জে এল নং ১৩৮, খতিয়ান নং ৯৭১০, প্লট নং ৮৬২৭, থানা- মাড়গ্রাম এবং জেলা- বীরভূম সহ তদুপরি বিল্ডিং ও নির্মাণ।

ঋণগ্রহীতা/ জামিনদারের নাম ও ঠিকানা	(ক) বিজ্ঞপ্তির তারিখে বকেয়া অর্থাঙ্ক (খ) দাবি বিজ্ঞপ্তির তারিখ (গ) দখলের তারিখ (প্রতীকী)
(১) **মেসার্স হক টোব্যাকো স্টোরস** স্বত্বাধিকারী শ্রী মোজাম্মল হক, কামারঘাট, দোওয়ারুরি, মল্লারপুর, পিন-৭৩১১৬ (২) **শ্রী মোজাম্মল হক,** পিতা- আবদুল আলিম, কামড়া, বীরভূম-৭৩১২১৬	(ক) ₹ ১০,১৯,০৩০/- লোন অ্যাকা নং ৯১৭০৩০০৭৯১৯৬৩৩৪ ক্ষেত্রে ২০.০৯.২০২৪ অনুযায়ী বকেয়া (এই অর্থাঙ্কে ৩০.০৬.২০২৪ পর্যন্ত সুদ প্রযুক্ত) এবং ₹ ১৭,৯৫১.১৭/- লোন অ্যাকা নং ৯২০০৬০০৫০০২৯৮৩২ ক্ষেত্রে ২০.০৯.২০২৪ অনুযায়ী বকেয়া (এই অর্থাঙ্কে ৩০.০৬.২০২৪ পর্যন্ত সুদ প্রযুক্ত) (খ) ২৪.০৯.২০২৪ (গ) ২০.০১.২০২৫

স্থাবর সম্পত্তির বিবরণ (জামিনযুক্ত সম্পদ)
কমবেশি ৭ ডেসিমেল বাস্তু জমির সকল অপরিহার্য অংশ অবস্থিত গ্রাম ও মৌজা- কামড়া, জে এল নং ৫০, এল আর খতিয়ান নং ৫৪৫, প্লট নং ৮৪৩, অধীনস্ত থানা- ময়ুরেশ্বর, জেলা- বীরভূম সহ তদুপরি সকল নির্মিত বিল্ডিং ও নির্মাণ।

তারিখ: ২২.০১.২০২৫ — অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা — অ্যাক্সিস ব্যাঙ্ক লিঃ

পঞ্জাব এণ্ড সিংধ বৈংক (ভারত সরকার কা উপক্রম) **Punjab & Sind Bank** (A Govt. of India Undertaking)
Where service is a way of life

Zonal Office : Kolkata, 14/15, Old Court House Street, Kolkata- 700001, Phone No. 033-22485867 E-mail : zo.kolkata@psb.co.in

RECRUITMENT

Punjab and Sind Bank (A Government of India Undertaking) Invites applications for post of (1) Physiotherapist (on Contractual Basis) at its Zonal Office Kolkata, For Details, Please visit Bank Website : **https://punjabandsindbank.co.in/content/recuitment**

ZONAL MANAGER

Union Bank of India (A Government of India Undertaking)

দখল বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর রুল ৮(১) (স্থাবর সম্পত্তির জন্য)

সন্তোষপুর সার্ভে পার্ক ব্রাঞ্চ, দ্বিতীয় তল, বি-১৭৮, সার্ভে পার্ক, সন্তোষপুর, কলকাতা-৭০০০৭৫
ই মেল আইডি: ubin0555452@unionbankofindia.bank

যেহেতু,
ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সন্তোষপুর সার্ভে পার্ক ব্রাঞ্চ, দ্বিতীয় তল, বি-১৭৮, সার্ভে পার্ক, সন্তোষপুর, কলকাতা-৭০০০৭৫-এর অনুমোদিত আধিকারিক হিসেবে নিম্নস্বাক্ষরকারী সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) নিয়মাবলি, ২০০২-এর নিয়ম ৩-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট আইন, ২০০২ (আইন নং ২০০২ এর ৫৪)-এর ধারা নং ১৩(১২)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে ঋণগ্রহীতা/বন্ধকদাতা **শ্রীমতী সঙ্গীতা দত্ত, শ্রী রবীন্দ্র নাথ দাস**-এর প্রতি **০৯.০৯.২০২৪ তারিখ সংবলিত একটি দাবি বিজ্ঞপ্তি** জারি করেছিলেন যার মাধ্যমে উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে বিজ্ঞপ্তিতে দাবিকৃত অর্থাঙ্ক **₹৭,৭১,৫৪০.৬০ (সাত লক্ষ একাত্তর হাজার পাঁচশো চল্লিশ টাকা এবং ষাট পয়সা মাত্র)** পরিশোধ দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার প্রতি আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা দাবিকৃত অর্থাঙ্ক পরিশোধে ব্যর্থ হওয়ায় এতদ্দ্বারা বিশেষত ওই ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনগণের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উপরোক্ত নিয়মাবলির নিয়ম নং ৮-সহ পঠনীয় উপরোক্ত আইনের ১৩ নং ধারার (৪) নং উপধারা অনুযায়ী অর্পিত ক্ষমতাবলে **২০ জানুয়ারি, ২০২৫** তারিখে নিম্নবর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন।
এতদ্দ্বারা বিশেষভাবে উক্ত ঋণগ্রহীতা এবং সাধারণভাবে জনগণের প্রতি উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন না-করার জন্য সতর্ক করা হচ্ছে এবং উক্ত সম্পত্তি নিয়ে কোনও প্রকার লেনদেন করা হলে তা অর্থাঙ্ক **₹৭,৭১,৫৪০.৬০ (সাত লক্ষ একাত্তর হাজার পাঁচশো চল্লিশ টাকা এবং ষাট পয়সা মাত্র)** এবং তার উপর সুদ সমেত **ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, সন্তোষপুর সার্ভে পার্ক ব্রাঞ্চ**-এর প্রতি দায় সাপেক্ষ হবে।
উক্ত আইনের ১৩ নং ধারার (৮) নং উপধারার সংস্থান অনুযায়ী প্রাপ্য মেয়াদের মধ্যে এই সুরক্ষিত পরিসম্পদ ছাড়ানোর ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতার মনোযোগ আকর্ষণ করা হচ্ছে।

স্থাবর সম্পত্তির বিবরণ

সম্পত্তির সমগ্র এবং অবিচ্ছেদ্য অংশ, কমবেশি ২ কাঠা ৭ ছটাক ১৮ বর্গফুট জমির উপর নির্মিত তিনতলা বিল্ডিংয়ের তৃতীয় তলের পিছন দিকে ফ্ল্যাট, সুপার বিল্ট আপ এরিয়া কমবেশি ৪৫৬ বর্গফুট, পরগনা খাসপুর, আর এস নং ০২, তৌজি নং ৫৬, জে এল নং ১৯, মৌজা-গড়ফা, সি এস খতিয়ান নং ৭২৩, সি এস দাগ নং ২০৬৩, আর এস খতিয়ান নং ৭৮০, আর এস দাগ নং ২৩৮২, প্রেমিসেস নং ৪৪৩, কলকাতা পুরনিগম, বর্তমানে সন্তোষপুর, ওয়ার্ড নং ১০৪, উপরোক্ত প্রেমিসেস এবং কমন এরিয়ার অবিভক্ত সম পরিমাণ অংশ এবং/অথবা স্বার্থ সহ এবং সমস্ত ধরনের কমন লাভ এবং/অথবা সুবিধা, থানা গড়ফা (পূর্বের পূর্ব যাদবপুর), সাব রেজিস্ট্রি অফিস আলিপুর, জেলা দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা-৭০০০০৭। **চৌহদ্দি:** উত্তরে: আর এস দাগ নং ২৩৮২ (অংশ) এর অধীনে অন্যান্যদের জমি, পূর্বে: দাগ নং ২৩৮৩ (অংশ) এর অধীনে অন্যান্যদের জমি, দক্ষিণে: ১২ ফুট চওড়া কেএমসির রাস্তা, পশ্চিমে: দাগ নং ২৩৮২ এর অধীনে অন্যান্যদের জমি।

তারিখ: ২০.০১.২০২৫ — অনুমোদিত আধিকারিক
স্থান: কলকাতা — ইউনিয়ন ব্যাঙ্ক অফ ইন্ডিয়া

পঞ্জাব নৈশনল বৈংক (ভারত সরকার কা উপক্রম) pnb punjab national bank (Govt. of India Undertaking)

সার্কল অফিস ঃ কলকাতা সাউথ ইউনাইটেড টাওয়ার, ১০ম তল, ১১ হেমন্ত বসু সরণি, কলকাতা-৭০০০০১। ই-মেল ঃ cokolsouthpnd@pnb.co.in

সংশোধনী

এই সংবাদপত্রে গত ১৬.০১.২০২৫ তারিখে প্রকাশিত 'বিজ্ঞপ্তি'তে এমডিসি এজেন্টের নাম **সমীর কুমার বিশ্বাস** (শাখার নাম - ইউনিক পার্ক, ক্রম নং - ১০৬১২০)-এর পরিবর্তে ভুলক্রমে সমীর কুমার দাস ছাপা হয়েছে। এজন্য দুঃখিত।

পঞ্জাব নৈশনল বৈংক ... भरोसे का प्रतीक ! punjab national bank ...the name you can BANK upon!

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

সার্কল অফিস (খড়্গপুর), পঞ্চম তল, এমএস টাওয়ার-২, এইচপি পেট্রল পাম্পের কাছে, অটওয়াল রিয়েল এস্টেট, ওটি রোড, ইন্দা, খড়্গপুর, পশ্চিম মেদিনীপুর, পিন- ৭২১৩০৫

স্থাবর সম্পত্তিসমূহ বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

নিলাম রেফারেন্স নম্বর: SASTRA/KGP/E-AUC/24/2024-25 — **তারিখ: ২২.০১.২০২৫**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)/৯(১)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, এই ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ নিম্নোক্ত বিবরণযুক্ত এবং এই ব্যাঙ্ক/সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক/ প্রতীকী দখল নেওয়া নিম্নলিখিত স্থাবর সম্পত্তিগুলি সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর থেকে এই ব্যাঙ্ক/ সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য নীচে লেখা তারিখে 'যেখানে আছে', 'যা কিছু আছে' এবং 'যেমন আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে প্রতিটি সম্পত্তির নির্ধারিত সংরক্ষণ মূল্য ও বায়না জমা (ইএমডি) উল্লেখ করা হয়েছে।

সুরক্ষিত পরিসম্পদগুলির তফসিল

ক্রম নং	ক) ব্রাঞ্চের নাম খ) ঋণগ্রহীতা/ জামিনদারগণের অ্যাকাউন্টের নাম ও ঠিকানা	বন্ধক রাখা স্থাবর সম্পত্তির বিবরণ/ স্বত্বাধিকারীর নাম [সম্পত্তি(গুলি)র বন্ধকদাতাগণ]	ক) সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ খ) বকেয়া অর্থাঙ্ক গ) দখলের তারিখ ঘ) দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক/ গঠনমূলক)	ক) সংরক্ষণ মূল্য (লক্ষ টাকায়) খ) ইএমডি (লক্ষ টাকায়) গ) বিড বাড়ানোর মূল্য (লক্ষ টাকায়)	ই-নিলামের তারিখ ও সময়	সম্পত্তির ওপর সুরক্ষিত ঋণদাতার জানা দায়ের পরিমাণ
১	ক) আইআইটি খড়্গপুর খ) মিঃ ধনঞ্জয় বেরা	১. নিম্নোক্ত জমি ও বাড়ির সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা- পাইকপাড়ি, এডিএসআরও- কোলাঘাট, থানা- কোলাঘাট, জেলা- পূর্ব মেদিনীপুর, ১২.০৫.১৯৮৭ তারিখের দলিল নং ১৮০৯ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী মিঃ ধনঞ্জয় বেরা, প্লট নং ১৮৬০ সংবলিত জমি ৫ ডেসিমেল, প্লট নং ১৮৬৯ সংবলিত জমি ১.২০ ডেসিমেল এবং প্লট নং ১৮৬১/২২৮৩ সংবলিত জমি ০.৫০ ডেসিমেল, মোট জমি ৬.৭০ ডেসিমেল যা এসডিএল এবং এলআরও তমলুকে নথিভুক্ত ২৪.০২.১৯৯৫ তারিখের কনভার্সন মেমো নং ৯৮০ অনুযায়ী বাস্তুতে পরিবর্তিত; ১০.০৩.২০০৪ তারিখের দলিল নং ১৩৭৩ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী মিঃ ধনঞ্জয় বেরা, প্লট নং ১৮০৮ সংবলিত ২.৮০ ডেসিমেল এবং প্লট নং ১৮০৯ সংবলিত ২.৮০ ডেসিমেল, মোট জমি ৫.৬০ ডেসিমেল, এর মধ্যে ২.৯৩ ডেসিমেল ২১.০১.২০১৩ তারিখের কনভার্সন সার্টিফিকেট মেমো নং ৬১/কোলাঘাট/কন/এস এল নং ১৫৬ অনুযায়ী বাস্তুতে পরিবর্তিত; ০৯.০৮.২০১৫ তারিখের দলিল নং ২৬৩৬ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী মিঃ ধনঞ্জয় বেরা, প্লট নং ১৮১০ সংবলিত জমি ১.৫০ ডেসিমেল, যার মধ্যে ০.৫০ ডেসিমেল জমি ২৩.০৫.২০১৭ তারিখের কনভার্সন সার্টিফিকেট মেমো নং ৪৩১/কোলাঘাট/কন/এস এল নং ৭৪/১৭ অনুযায়ী বাস্তুতে পরিবর্তিত; ০৯.০৫.১৯৮৮ তারিখের দলিল নং ১৫৯৫ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী প্রয়াত শ্রীমতী স্মৃতি বেরা, প্লট নং ১৮৬০ সংবলিত জমির পরিমাপ ৪ ডেসিমেল, খতিয়ান নং ৪৭০/১ অনুযায়ী পরবর্তীতে মিউটেট করানো, মিঃ ধনঞ্জয় বেরার নামে, খতিয়ান নং ৪০৩৫ অনুযায়ী মিঃ অরিন্দম বেরার নামে এবং খতিয়ান নং ৪০৭৬ অনুযায়ী মিসেস দেবস্মিতা চট্টরাজ বেরার নামে, ৩টি সমান শেয়ারে বিভক্ত এবং মোট জমি ০৪ ডেসিমেল, উপরিলিখিত প্লট নং সংবলিত মোট জমির পরিমাপ ১৪.১৩ ডেসিমেল। চৌহদ্দি: উত্তর- ১৫ ফুট চওড়া রাস্তা; দক্ষিণ- অর্চনা চ্যাটার্জির বাড়ি; পূর্ব- শচীনন্দন পালের জমি; পশ্চিম- অবন্তী ভিলা অ্যাপার্টমেন্ট।	ক) ২৭.১২.২০২২ খ) ₹২,২৬,৭৫,৫৪৫.০০ + উদ্ভূত সুদ ও চার্জ গ) ০৪.০৩.২০২৩ ঘ) প্রতীকী দখল	ক) ₹১৮৩.২৯ লক্ষ খ) ₹১৮.৩২ লক্ষ গ) ₹০১.৮৩ লক্ষ	২৮.০২.২০২৫ সকাল ১১টা থেকে বিকেল ৪টা	ডিআরটি-II কলকাতায় এসএ মীমাংসাধীন
২	ক) আইআইটি খড়্গপুর খ) মিঃ ধনঞ্জয় বেরা	২. 'অবন্তী ভিলা অ্যাপার্টমেন্টস' নাম ও স্টাইলের বিল্ডিংয়ে অ্যাপার্টমেন্টের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা- পাইকপাড়ি, এডিএসআরও- কোলাঘাট, থানা- কোলাঘাট, জেলা- পূর্ব মেদিনীপুর, প্লট নং ১৮৫৯, ১৮০৮, ১৮০৯, ১৮১০, জে এল নং ২৮৬, খতিয়ান নং- এল আর ৪৭০/১, ৪০৩৫, ৪০৭৬, মোট জমি ২২ ডেসিমেল, ফ্ল্যাট নং 'এ০', তৎসহ প্রতিটি ফ্ল্যাট মালিকের সমানুপাতিক ও অবিভক্ত শেয়ার, সুপার বিল্ট আপ এরিয়া ১১৩২ বর্গফুট, তৎসহ ১৫০ বর্গফুট মাপের একটি কার পার্কিং স্পেস, দলিল নং ৬৬৮৫/১৭ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারী মিঃ অরিন্দম বেরা। চৌহদ্দি: উত্তর- পার্কিং স্পেস; দক্ষিণ- পূর্ণেন্দু সরকারের উন্মুক্ত সম্পত্তি; পূর্ব- ফ্ল্যাট নং 'বি০'; পশ্চিম- সুমন মাঝির উন্মুক্ত সম্পত্তি।	ক) ২৭.১২.২০২২ খ) ₹২,২৬,৭৫,৫৪৫.০০ + উদ্ভূত সুদ ও চার্জ গ) ০৪.০৩.২০২৩ ঘ) প্রতীকী দখল	ক) ₹৩৪.৬৫ লক্ষ খ) ₹০৩.৪৬ লক্ষ গ) ₹০০.৩৪ লক্ষ	২৮.০২.২০২৫ সকাল ১১টা থেকে বিকেল ৪টা	ডিআরটি-II কলকাতায় এসএ মীমাংসাধীন
৩	ক) আইআইটি খড়্গপুর খ) মিঃ ধনঞ্জয় বেরা	'অবন্তী ভিলা অ্যাপার্টমেন্টস' নাম ও স্টাইলের বিল্ডিংয়ে অ্যাপার্টমেন্টের সমবন্ধক যার স্থিতি ও বিবরণ: মৌজা- পাইকপাড়ি, এডিএসআরও- কোলাঘাট, থানা- কোলাঘাট, জেলা- পূর্ব মেদিনীপুর, প্লট নং ১৮৫৯, ১৮০৮, ১৮০৯, ১৮১০, জে এল নং ২৮৬, খতিয়ান নং- এল আর ৪৭০/১, ৪০৩৫, ৪০৭৬, মোট জমি ২২ ডেসিমেল, ফ্ল্যাট নং 'বি০', তৎসহ প্রতিটি ফ্ল্যাট মালিকের সমানুপাতিক ও অবিভক্ত শেয়ার, সুপার বিল্ট আপ এরিয়া ১০৭৬ বর্গফুট, তৎসহ ১৫০ বর্গফুট মাপের একটি কার পার্কিং স্পেস, দলিল নং ৬৬৮৪/১৭ অনুযায়ী সম্পত্তির স্বত্বাধিকারিণী মিসেস দেবস্মিতা চট্টরাজ বেরা। চৌহদ্দি: উত্তর- পার্কিং স্পেস; দক্ষিণ- পূর্ণেন্দু সরকারের উন্মুক্ত সম্পত্তি; পূর্ব- অর্চনা চ্যাটার্জির উন্মুক্ত সম্পত্তি; পশ্চিম- ফ্ল্যাট নং 'এ০'।	ক) ২৭.১২.২০২২ খ) ₹২,২৬,৭৫,৫৪৫.০০ + উদ্ভূত সুদ ও চার্জ গ) ০৪.০৩.২০২৩ ঘ) প্রতীকী দখল	ক) ₹৩৩.১২ লক্ষ খ) ₹০৩.৩১ লক্ষ গ) ₹০০.৩৩ লক্ষ	২৮.০২.২০২৫ সকাল ১১টা থেকে বিকেল ৪টা	ডিআরটি-II কলকাতায় এসএ মীমাংসাধীন

এই বিক্রয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-তে নির্ধারিত শর্ত ও নিয়মাবলির পাশাপাশি নিম্নলিখিত শর্তসাপেক্ষে আয়োজিত হবে:

১. এই নিলাম 'অনলাইন ই-নিলাম' পদ্ধতিতে **https://www.baanknet.com** পোর্টালের মাধ্যমে **২৮.০২.২০২৫ তারিখে সকাল ১১টা থেকে বিকেল ৪টার মধ্যে** আয়োজিত হবে।
২. আগ্রহী বিডারগণ/ক্রেতাদের অনুরোধ করা হচ্ছে যাতে তাঁরা নিজেদের মোবাইল নম্বর এবং ই-মেল আইডি ব্যবহার করে https://www.baanknet.com পোর্টালে রেজিস্টার করেন। পাশাপাশি, দরকারি কেওয়াইসি নথিগুলি আপলোডের জন্যও তাঁদের অনুরোধ করা হচ্ছে। ই-অকশন সার্ভিস প্রোভাইডার দ্বারা এই কেওয়াইসি নথিগুলি যাচাইয়ের পর (২টি কাজের দিন লাগতে পারে) আগ্রহী বিডাররা/ক্রেতারা যথেষ্ট সময় বাকি থাকতেই (ই-নিলামের নির্ধারিত তারিখের আগে) তাঁর/তাঁদের গ্লোবাল ইএমডি ওয়ালেটের মাধ্যমে অনলাইন পদ্ধতিতে ইএমডি অর্থাঙ্ক স্থানান্তর করে দেবেন। এই রেজিস্ট্রেশন, কেওয়াইসি নথিসমূহ যাচাই এবং ওয়ালেটে ইএমডি স্থানান্তরের কাজগুলি নিলামের আগে যথেষ্ট সময় থাকতে করে রাখতেই হবে।
৩. ওপরে উল্লেখ করা বায়না জমা (ইএমডি) বিডারের গ্লোবাল ইএমডি ওয়ালেটে অনলাইনের মাধ্যমে ৩টি উপায়ে আদায় দেওয়া যাবে অর্থাৎ, এনইএফটি/ নগদ/ ট্রান্সফার (**https://www.baanknet.com** থেকে চালান জেনারেট করে নেওয়ার পর)। এনইএফটি ট্রান্সফার যে কোনও বাণিজ্যিক ব্যাঙ্ক ব্রাঞ্চ থেকে করা যেতে পারে। চেক-এর মতো অন্য কোনও উপায়ে এই ইএমডি জমা দেওয়া যাবে না। অনলাইনে ইএমডি জমা দেননি এমন বিডারদের এই ই-নিলামে অংশ নিতে দেওয়া হবে না। বায়না জমার ওপর কোনও সুদ দেওয়া হবে না।
৪. ই-নিলামের প্ল্যাটফর্ম (**https://www.baanknet.com**) দেবে ই-অকশন সার্ভিস প্রোভাইডার ওয়েবসাইট **BAANKNET** ই-অকশন (**https://www.baanknet.com**)। ই-অকশন সার্ভিস প্রোভাইডারের **https://www.baanknet.com** ওয়েবসাইটের মাধ্যমে আগ্রহী বিডারগণ/ক্রেতাগণ ই-নিলাম প্রক্রিয়ায় অংশ নিতে পারবেন। ই-নিলামের প্রশিক্ষণ/প্রদর্শন এই পোর্টালেই এই সার্ভিস প্রোভাইডার দেবে।
৫. বিক্রির সাধারণ শর্ত ও নিয়মাবলি সংবলিত বিক্রয় বিজ্ঞপ্তি নিম্নলিখিত ওয়েবসাইট/ওয়েব পেজ পোর্টালে দেওয়া আছে: **(১) https://www.baanknet.com; (২) www.pnbindia.in।**
৬. ই-নিলামে অংশ নিতে আগ্রহীরা বিক্রয় বিজ্ঞপ্তির কপি, ই-নিলামের শর্ত ও নিয়মাবলি, এই ই-নিলামের অপারেশনাল পার্টের হেল্প ম্যানুয়াল ইত্যাদি নথিগুলি **BAANKNET** পোর্টাল (**https://www.baanknet.com**) থেকে বিনামূল্যে ডাউনলোড করে নিতে পারেন।
৭. আগ্রহী বিডারগণ/ক্রেতাদের অনুরোধ করা হচ্ছে যাতে তাঁরা নিজেদের মোবাইল নম্বর এবং ই-মেল আইডি ব্যবহার করে https://www.baanknet.com পোর্টালে রেজিস্টার করেন। পাশাপাশি, দরকারি কেওয়াইসি নথিগুলি আপলোডের জন্যও তাঁদের অনুরোধ করা হচ্ছে। ই-অকশন সার্ভিস প্রোভাইডার দ্বারা এই কেওয়াইসি নথিগুলি যাচাইয়ের পর (২টি কাজের দিন লাগতে পারে) আগ্রহী বিডাররা/ক্রেতারা ই-নিলামের নির্ধারিত তারিখের আগে তাঁর/তাঁদের গ্লোবাল ইএমডি ওয়ালেটের মাধ্যমে অনলাইন পদ্ধতিতে ইএমডি অর্থাঙ্ক স্থানান্তর করে দেবেন। কেবলমাত্র নিজের ওয়ালেটে যথেষ্ট ইএমডি থাকলে তবেই আগ্রহী বিডার ই-নিলামের তারিখে বিড করতে পারবেন।
৮. বিডিংয়ের সময় বিডারের গ্লোবাল ওয়ালেটে যথেষ্ট ব্যালান্স (ইএমডি অর্থাঙ্কের সমান বা বেশি) থাকতেই হবে।
৯. ই-নিলামের সময় বিডাররা আপসমূলক বিডিংয়ে সর্বশেষ বিড অর্থাঙ্ক অপেক্ষা বেশি মূল্যের বিড দিতে অনুমতি পাবেন এবং সর্বশেষ সর্বাধিক বিডারের পেশ করা দরের ওপর ওপরে লেখা বিড বিবর্ধন অর্থাঙ্কের গুণিতকে পরবর্তী উচ্চতর বিড পেশ করতে হবে। পরবর্তী উচ্চতর বিড দাখিলের জন্য দশ মিনিট সময় বরাদ্দ হবে এবং সর্বাধিক বিড জমা পড়ার পরবর্তী দশ মিনিটের মধ্যে আর কোনও উচ্চতর বিড জমা না পড়লে ই-নিলাম বন্ধ হয়ে যাবে।
১০. এই বিক্রয় বিজ্ঞপ্তি, ই-নিলামের শর্ত ও নিয়মাবলি, ই-নিলামের অপারেশনাল পার্ট ভাল করে পড়ে নেওয়ার দায়িত্ব আগ্রহী বিডার(গণ)-এর এবং তাঁদের এগুলি কঠোরভাবে মেনে চলতে বলা হচ্ছে। (১) ই-নিলাম চলাকালীন কোনও সহায়তার দরকার হলে কিংবা কোনও সমস্যায় পড়লে আমাদের ই-অকশন সার্ভিস প্রোভাইডারের অনুমোদিত প্রতিনিধির সঙ্গে যোগাযোগ করা যেতে পারে, যার বিশদ তথ্যাবলি ই-অকশন পোর্টাল **https://www.baanknet.com**-এ দেওয়া আছে।
১১. অনুমোদিত আধিকারিক দ্বারা ই-নিলাম চূড়ান্ত হওয়ার পর কেবলমাত্র সফল বিডারকে উপরিলিখিত আমাদের ই-অকশন সার্ভিস প্রোভাইডার দ্বারা এসএমএস/ই-মেলের মাধ্যমে জানিয়ে দেওয়া হবে (সার্ভিস প্রোভাইডারের কাছে সংশ্লিষ্ট বিডারের তরফে দেওয়া রেজিস্টার্ড মোবাইল নম্বর/ই-মেল ঠিকানায়)।
১২. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে না।
১৩. সফল বিডারকে ইতিমধ্যে জমাকৃত ইএমডি অর্থাঙ্ক সমন্বয় করে বিড অর্থাঙ্কের ২৫% (পঁচিশ শতাংশ) একই দিনে অথবা পরবর্তী কাজের দিনের মধ্যে এবং বাকি অর্থাঙ্ক নিলামের তারিখ থেকে ১৫ দিনের মধ্যে 'The Authorised Officer, Punjab National Bank, A/c (অ্যাকাউন্টের নাম)'-এর অনুকূলে কোনও তফসিলভুক্ত বাণিজ্যিক ব্যাঙ্ক থেকে ব্যাঙ্কারস চেক/ ডিমান্ড ড্রাফ্‌টরূপে জমা দিতে হবে। ওপরে নির্ধারিত মেয়াদের মধ্যে এই অর্থাঙ্ক জমা দিতে ব্যর্থ হলে, সফল বিডার দ্বারা জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক এই ব্যাঙ্ক বাজেয়াপ্ত করবে এবং এই সম্পত্তি পুনরায় নিলাম/বিক্রি করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে এবং এমন ক্ষেত্রে খেলাপকারী ক্রেতা ওই সম্পত্তি কিংবা সম্পত্তির বিক্রয়মূল্যের ওপর কোনও দাবি জানাতে পারবেন না।
১৪. সফল বিডার দ্বারা এই ব্যাঙ্ককে প্রদেয় বিক্রয়মূল্য ইনকাম ট্যাক্স অ্যাক্ট, ১৯৬১-এর ১৯৪-১এ ধারাধীনে টিডিএস সাপেক্ষ হবে এবং বিড অর্থাঙ্কের বাকি ৭৫% বা পুরো জমারাশি আদায় দেওয়ার সময় সফল ক্রেতাকে টিডিএস বাবদ অর্থাঙ্ক জমা দিতে হবে।
১৫. অনুমোদিত আধিকারিক সর্বাধিক বিড এবং/বা যে কোনও বিড গ্রহণে বাধ্য নন এবং কোনও কারণ না দেখিয়ে যে কোনও বা সমস্ত বিড বাতিল করা, এমনকি এই বিক্রির শর্তাবলি বদলানো, সংশোধন, বাতিল করার অধিকার সম্পূর্ণত বহাল রাখেন।
১৬. পুরো অর্থাঙ্ক বুঝে পাওয়ার পর উক্ত অ্যাক্টের সংস্থান অনুযায়ী সফল বিডারের অনুকূলে বিক্রয় সার্টিফিকেট ইস্যু করা হবে।
১৭. 'যেখানে যেমন আছে', 'যেখানে যা আছে', 'যেখানে যা কিছু যেমনটি আছে' ভিত্তিতে সম্পত্তি বিক্রি হবে।
১৮. ওপরের তফসিলে বর্ণিত সম্পত্তির বিবরণ অনুমোদিত আধিকারিক/ এই ব্যাঙ্কের সর্বশেষ জ্ঞান ও তথ্যানুসারের ভিত্তিতে উল্লিখিত। ঘোষণাপত্রে কোনও ভুল, অনুল্লেখ বা ত্রুটির জন্য অনুমোদিত আধিকারিক/ এই ব্যাঙ্ক জবাবদিহি করতে দায়বদ্ধ থাকবে না।
১৯. নিজেদের বিড জমা দেওয়ার আগে নিলামে তোলা পরিসম্পদ ও তার স্পেসিফিকেশন খতিয়ে দেখে নিঃসন্দেহ হয়ে নেওয়ার দায়িত্ব বিডারদের ওপরই বর্তাবে। প্রদত্ত তথ্যাবলি অনুযায়ী সম্পত্তি পরিদর্শনের জন্য বিডাররা ডিলিং অফিশিয়ালের সঙ্গে যোগাযোগ করতে পারেন।
২০. সফল ক্রেতাকে ভারত সরকার বা পশ্চিমবঙ্গ সরকার বা অন্য কোনও আইনানুগ কর্তৃপক্ষের আইন মোতাবেক স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদির মতো কনভেয়ান্স চার্জ/ফি বহন করতে হবে।
২১. সরকার বা অন্য কোনও পক্ষের কাছে নিলাম হতে চলা সম্পত্তির ওপর ব্যাঙ্ক অবগত নয় এমন যে কোনও প্রকারের চার্জ, লিয়েন, দায় বা অন্য কোনও বকেয়ার জন্য অনুমোদিত আধিকারিক বা এই ব্যাঙ্ক দায়ী থাকবে না। সম্পত্তি সংক্রান্ত বিধিবদ্ধ দায়, বকেয়া সম্পত্তি কর, বকেয়া বিদ্যুৎ বিল ইত্যাদি সম্পর্কে স্বাধীনভাবে নিজস্ব অনুসন্ধান করে জেনে নেওয়ার জন্য আগ্রহী দরদাতাদের প্রতি পরামর্শ দেওয়া হচ্ছে।
২২. যথাযথ ইন্টারনেট সংযোগ, পাওয়ার ব্যাক আপ ইত্যাদির মতো বিষয়গুলি বিডারদের নিজেদেরই নিশ্চিত করে নিতে হবে। ইন্টারনেট ফেলিওর, পাওয়ার ফেলিওর বা টেকনিক্যাল কোনও কারণ বা ই-নিলামকে প্রভাবিত করতে পারে এমন কোনও কারণ/পরিস্থিতির জন্য এই ব্যাঙ্ক দায়ী থাকবে না।
২৩. প্রতিনিধি নিয়োগ করা এবং নিজেদের তরফে নিলামে অংশ নেওয়ার অধিকার এই ব্যাঙ্কের থাকবে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য এই ওয়েবসাইটগুলি দেখুন: **https://www.baanknet.com, www.pnbindia.in।**
২৪. নিলাম বাতিল হলে বিক্রির অর্থাঙ্ক সুদবিহীনভাবে ফেরত দেওয়া হবে।

তারিখ: ২২.০১.২০২৫ — **প্রমোদ মাঝি, অনুমোদিত আধিকারিক, মোবাইল নম্বর: ৮৪২৯০২৪২৫২**
স্থান: মেদিনীপুর — **পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতা**

সারফায়েসি অ্যাক্ট, ২০০২-এর রুল ৮(৬) অধীনে ৩০ দিনের বিধিবদ্ধ বিক্রয় বিজ্ঞপ্তি

Arcil Premier ARC

অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড (এআরসিআইএল)

বিবিধ এআরসিআইএল ট্রাস্টের ট্রাস্টি হিসেবে এর ক্ষমতাবলে ক্রিয়াশীল
এআরসিআইএল অফিস: দ্য রুবি, ফ্লোর নং ১০, ২৯, সেনাপতি বাপট মার্গ, দাদার (ওয়েস্ট), মুম্বই-৪০০০২৮
ব্রাঞ্চ অফিস: রুম নং ১০০১, ১১ তলা, সিগনেট টাওয়ার, ডিএন ২, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা-৭০০০৯১, পশ্চিমবঙ্গ
ফোন: ০৩৩ ৪৮২২৬৬০৮, ওয়েবসাইট: **https://auction.arcil.co.in; সিআইএন: U65999MH2002PLC134884**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৬, ৮ ও ৯-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (সারফায়েসি অ্যাক্ট)-এর অধীনে অর্পিত ক্ষমতাবলে অনলাইন ই-নিলামের মাধ্যমে সম্পত্তি বিক্রির প্রকাশ্য বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার(গণ)/ বন্ধকদাতা(গণ)-এর জ্ঞাতার্থে এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ ('রুলস')-এর রুল ৬, ৮ ও ৯-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ ('অ্যাক্ট')-এর সংস্থানসমূহের শর্তাধীনে নীচে প্রতিটি অ্যাকাউন্টের (রেজিস্টার্ড ভারার্পণ চুক্তি অনুযায়ী আর্থিক পরিসম্পদের ভারার্পণ চুক্তির প্রেক্ষিতে) পাশে নির্দিষ্টভাবে উল্লিখিত ট্রাস্টসমূহের ট্রাস্টি হিসেবে অর্পিত ক্ষমতাবলে ক্রিয়ারত অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড নীচে উল্লেখমতো সুরক্ষিত ঋণদাতার পাওনা ও অনাদায়ী অর্থাঙ্ক, তদুপরি উদ্ভূত সুদ, চার্জ ও মাশুল ইত্যাদি পুনরুদ্ধারের জন্য অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড-এর কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ করা ও দখলীকৃত নিম্নলিখিত স্থাবর সম্পত্তি(গুলি) 'যেমন আছে', 'যেখানে আছে', 'যেভাবে আছে' ও 'রিকোর্স ছাড়া' ভিত্তিতে অনলাইন ই-নিলামের মাধ্যমে বিক্রি করা হবে।

ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার নাম	এলএএন নম্বর এবং বিক্রেতা ব্যাঙ্ক	ট্রাস্টের নাম	২৫ অক্টোবর, ২০২৩ তারিখের সারফায়েসি নোটিস অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	দখলের প্রকৃতি এবং তারিখ	পরিদর্শনের তারিখ	সম্পত্তির প্রকৃতি এবং মাপ	বায়না জমা (ইএমডি) (₹)	সংরক্ষিত মূল্য (₹)	ই-নিলামের তারিখ ও সময়
ঋণগ্রহীতা- পিয়ালি দাস/ সোমা মিত্র	২০০০৭৯৩০০০০০৪১ (বন্ধন ব্যাঙ্ক)	আরসিল ২০২৪ সি০০৪ ট্রাস্ট	₹১৮,০২,২২৪.৭৮ (আঠারো লাখ দুই হাজার দুইশো চব্বিশ টাকা আটাত্তর পয়সা) ৩০.০৯.২০২৩ অনুযায়ী সহ সুদ, বৈধ খরচ।	বাস্তবিক দখল ১২জুন ২০২৪-এ	অনুরোধে ব্যবস্থা করা হবে	মুক্ত আবাসিক ফ্ল্যাট নং (৭০০ বর্গফুট সুপারবিল্ট)	₹১,১৭,৮০০.০০ (এক লক্ষ সতেরো হাজার আটশো টাকা মাত্র)	₹১১,৭৮,০০০.০০ (এগারো লক্ষ আটাত্তর হাজার টাকা মাত্র)	১১ ফেব্রুয়ারি, ২০২৫ দুপুর ২টো ৩০ মিনিট

নিলামভুক্ত সম্পত্তির বিবরণ: সম্পত্তির মালিকানা পিয়ালি দাস। ফ্ল্যাট নং ৬-এর সমগ্র অংশ, ৩য় তল (উত্তর পূর্বে), মাপ ৭০০ বর্গফুট (সুপারবিল্ট), আর এস দাগ নং ১৬৮৩, এল আর দাগ নং ৮৩, এল আর দাগ নং ১৭৩৩, আর এস খতিয়ান নং ১৪৩০, এল আর খতিয়ান নং ৪৫৫৭, মৌজা কোনা, জে এল নং ৭, শিট নং ২, হোল্ডিং নং ২০, কোনা, রায়চৌধুরীপাড়া লেন, আইএসপি কম্পাউন্ড, থানা দাশনগর, জেলা হাওড়া, হাওড়া পুরসভা, ওয়ার্ড নং ৫০, পশ্চিমবঙ্গ। উত্তর- খোলা আকাশ; দক্ষিণ- কমন সিঁড়ি ও ফ্ল্যাট নং ৫; পূর্ব- খোলা আকাশ; পশ্চিম- খোলা আকাশ।

ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার নাম	এলএএন নম্বর এবং বিক্রেতা ব্যাঙ্ক	ট্রাস্টের নাম	৩১ জুলাই, ২০২৪ তারিখের সারফায়েসি নোটিস অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	দখলের প্রকৃতি এবং তারিখ	পরিদর্শনের তারিখ	সম্পত্তির প্রকৃতি এবং মাপ	বায়না জমা (ইএমডি) (₹)	সংরক্ষিত মূল্য (₹)	ই-নিলামের তারিখ ও সময়
ঋণগ্রহীতা- পবন জয়সোয়াল/ সত্যভামা দেবী	৭১১৯০০০০০০৭৮৯৮ (বন্ধন ব্যাঙ্ক)	আরসিল ২০২৪ সি০০৪ ট্রাস্ট	₹১৩,৯০,৩৫৬.৩৯ (তেরো লাখ নবুই হাজার তিনশো ছাপান্ন টাকা উনচল্লিশ পয়সা) ৩১ জুলাই, ২০২৪ অনুযায়ী সহ সুদ, বৈধ খরচ।	বাস্তবিক দখল ২৩ নভেম্বর ২০২৪-এ	অনুরোধে ব্যবস্থা করা হবে	মুক্ত আবাসিক ফ্ল্যাট নং (৮৭৬ বর্গফুট কমবেশি সুপারবিল্ট)	₹১,১১,৭০০.০০ (এক লক্ষ সতেরো হাজার আটশো টাকা মাত্র)	₹১১,১৭,০০০.০০ (এগারো লক্ষ সতেরো হাজার টাকা মাত্র)	২৫ ফেব্রুয়ারি, ২০২৫ দুপুর ১২ টা

নিলামভুক্ত সম্পত্তির বিবরণ: সম্পত্তির মালিকানা শ্রীমতী সত্যভামা দেবী। চৈতালি কমার্শিয়াল কমপ্লেক্সে ফ্ল্যাট নং ডি-৪-এর সমগ্র অংশ, ৪র্থ তল, মাপ ৮৭৬ বর্গফুট (সুপারবিল্ট), কল্যাণী পুরসভা, পোঃ কাঁচরাপাড়া, জে এল নং ৬০, মৌজা কৃষ্ণদেব বাটি, আর এস খতিয়ান নং ১৬৮, আর দাগ ও এল আর দাগ নং ৩৪, থানা ও এডিএসআরও কল্যাণী, জেলা নদীয়া, পশ্চিমবঙ্গ। দলিল মাফিক সীমানা- উত্তর- অন্যের জমি প্লট; দক্ষিণ- উত্তম কুমার পাল; পূর্ব- পঞ্চায়েত রাস্তা; পশ্চিম- ৬ ফুট চওড়া কমন প্যাসেজ।

ঋণগ্রহীতা/ সহ-ঋণগ্রহীতা/ জামিনদার/ বন্ধকদাতার নাম	এলএএন নম্বর এবং বিক্রেতা ব্যাঙ্ক	ট্রাস্টের নাম	৩১ জুলাই, ২০২৪ তারিখের সারফায়েসি নোটিস অনুযায়ী বকেয়া অর্থাঙ্ক	দখলের প্রকৃতি এবং তারিখ	পরিদর্শনের তারিখ	সম্পত্তির প্রকৃতি এবং মাপ	বায়না জমা (ইএমডি) (₹)	সংরক্ষিত মূল্য (₹)	ই-নিলামের তারিখ ও সময়
ঋণগ্রহীতা- ধনঞ্জয় মুখার্জি/ রিমলি মুখার্জি	২০০০২৪৯০০০০১২২ ও ২০০০২৪৯০০০০১২৭ (বন্ধন ব্যাঙ্ক)	আরসিল ২০২৪ সি০০৪ ট্রাস্ট	৩১.১০.২০২৩ অনুযায়ী হোম লোন ২০০০২৪৯০০০০১২২-এ ₹১৩,৭০,৫২২.২৮ (তেরো লাখ সত্তর হাজার পাঁচশো বাইশ টাকা আটাশ পয়সা) হোম লোন -এ ₹২৫,৬০১.৪৯ (পঁচিশ হাজার ছয়শো এক টাকা উনপঞ্চাশ পয়সা) ও সুদ, বৈধ খরচ।	বাস্তবিক দখল ১ আগস্ট ২০২৪-এ	অনুরোধে ব্যবস্থা করা হবে	মুক্ত আবাসিক ফ্ল্যাট নং (৭০২ বর্গফুট কমবেশি সুপারবিল্ট)	₹১,৩১,৩০০.০০ (এক লক্ষ একত্রিশ হাজার তিনশো টাকা মাত্র)	₹১৩,১৩,০০০.০০ (তেরো লক্ষ তেরো হাজার টাকা মাত্র)	২৫ ফেব্রুয়ারি, ২০২৫ দুপুর ১২.৩০ টা

নিলামভুক্ত সম্পত্তির বিবরণ: সম্পত্তির মালিকানা ধনঞ্জয় মুখার্জি ও রিমলি মুখার্জির। আবাসিক ফ্ল্যাট নং ৩০১ (উত্তর পশ্চিম কোণে), ৪র্থ তল, আনন্দ অ্যাপার্টমেন্ট-৪ দক্ষিণ দিকে ফেজ-১, কার্পেট মাপ ৫৭৫.৪১ বর্গফুট ও ২২% সুপারবিল্ট মাপ ৭০২ বর্গফুট, মৌজা কোতরং, জে এল নং ৮, থানা উত্তরপাড়া, পুর হোল্ডিং নং ১৪/১ ও ১৪/১/১,বি এম সাহা রোড, ওয়ার্ড নং ৩, উত্তরপাড়া কোতরং পুরসভা, হুগলি, পশ্চিমবঙ্গ। উত্তর- প্রজেক্ট জমি খোলা স্থান ফেজ ২ বিল্ডিং, দক্ষিণ- লিফট সিঁড়ি ও ফ্ল্যাট নং ৩০১, পূর্ব-ফ্ল্যাট নং ৩০২, পশ্চিম-প্রজেক্ট জমি খোলা স্থান ৪ ফুট চওড়া কমন প্যাসেজ, যা স্থাবর সম্পত্তি।

এআরসিআইএল-এর জানা বকেয়া আইনি মামলা	শূন্য	এআরসিআইএল-এর জানা দায়	শূন্য
ডাক পেশের শেষ তারিখ	নিলামের নির্ধারিত তারিখে ২ ঘণ্টা আগে	ডাক বাড়ানোর মূল্য	ডাক নথিতে যেমনটা উল্লেখ করা আছে
যে নামে ডিমান্ড ড্রাফ্‌ট কাটতে হবে	১) আরসিল ২০২৪ সি০০৪ ট্রাস্ট	সর্বত্র প্রদেয়	
আরটিজিএস সম্পর্কিত বিশদ তথ্য	অ্যাকাউন্টের নাম: আরসিল ২০২৪ সি০০৪ ট্রাস্ট: অ্যাকাউন্ট নং: ৫৭৫০০০০১৪০৯১১২: আইএফএস কোড: HDFC0000542; এইচডিএফসি-এর কাছে রক্ষণাবেক্ষণকৃত		
যোগাযোগের ব্যক্তির নাম ও নম্বর	শৈলেশ গায়কোয়াড়: ৯৮৬৭৯২৯১২১ (shailesh.gaikwad@arcil.co.in); সৈয়দ সইদুল আলম: ৯৬৭৪৭১৮৪৩৫ (syed.saidulalam@arcil.co.in)		

শর্ত ও নিয়মাবলি:

১. এই নিলাম বিক্রি ই-নিলাম উপায়ে https://auction.arcil.co.in ওয়েবসাইটের মাধ্যমে এবং ডাক নথিতে উল্লিখিত শর্ত ও নিয়মাবলি এবং এতে উল্লিখিত পদ্ধতিতে পরিচালিত হবে।
২. ইন্টারনেট সংযোগ, নেটওয়ার্ক সম্পর্কিত সমস্যা, সিস্টেম ক্র্যাশ করে যাওয়া, বিদ্যুৎ চলে যাওয়া ইত্যাদির জন্য এআরসিআইএল-এর অনুমোদিত আধিকারিক ('এও') বা এআরসিআইএল দায়ী থাকবেন না।
৩. নিলামের যে কোনও পর্যায়ে কোনও কারণ না দেখিয়া এবং আগাম কোনও নোটিস ছাড়াই ডাক/দরপ্রস্তাব গ্রহণ/বাতিল/সংশোধন/রদ করা বা নিলাম স্থগিত রাখা/ বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে।
৪. প্রযোজ্য আইন মোতাবেক তাঁর/তাঁদের/তার নামে সুরক্ষিত পরিসম্পদ স্থানান্তর/হস্তান্তরের জন্য প্রয়োজনীয় যাবতীয় বিধিবদ্ধ বকেয়া, কর, ফি, ক্রয়মূল্যের ওপর প্রযোজ্য জিএসটি, স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন ফি ইত্যাদি সফল ক্রেতা/ ডাকদাতাকেই বহন করতে হবে।
৫. নিজের ডাক পেশের আগে সম্পত্তি সংক্রান্ত যাবতীয় দায়, সুরক্ষিত পরিসম্পদের স্বত্ব, সুরক্ষিত পরিসম্পদকে প্রভাবিত করতে পারে এমন যে কোনও দাবি/অধিকার/বকেয়া সম্পর্কে নিজ উদ্যোগে স্বাধীনভাবে পুঙ্খানুপুঙ্খ অনুসন্ধান চালিয়ে নেবেন ও সতর্কতা অবলম্বন করবেন। নিলামের এই বিজ্ঞাপন এআরসিআইএল-এর তরফে কোনও প্রকার দায়বদ্ধতা বা প্রতিনিধিত্ব গঠন করে না বা করে বলে ধরেও নেওয়া যাবে না। কোনও ধরনের তৃতীয় পক্ষের দাবি/অধিকার/বকেয়ার জন্য এআরসিআইএল-এর অনুমোদিত আধিকারিক দায়ী থাকবেন না।
৬. সংবাদপত্রে প্রকাশিত নিলামের এই নোটিসে উল্লিখিত যাবতীয় তথ্য নিম্নস্বাক্ষরকারীর সেরা জ্ঞান ও তথ্যানুসারে বর্ণিত হলেও এতে কোনও ধরনের ত্রুটি, ভুল বিবৃতি বা অনুল্লেখের জন্য নিম্নস্বাক্ষরকারী দায়ী হবেন না।
৭. ওপরে লেখা অনাদায়ী বকেয়ার প্রেক্ষিতে দায়বদ্ধ ঋণগ্রহীতা/ জামিনদারগণ/ বন্ধকদাতাগণ এই নোটিসটি ওপরে লেখা নিলাম বিক্রি আয়োজনের প্রেক্ষিতে সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর রুল ৮ ও ৯-এর অধীনে একটি নোটিস রূপে বিবেচনা করবেন।
৮. ওপরে উল্লিখিত তারিখে নির্ধারিত এই নিলাম যদি কোনও কারণে ব্যর্থ হয়, সেক্ষেত্রে ওপরে লেখা রুলস ও অ্যাক্টের প্রাসঙ্গিক ৮(৫) সংস্থানাধীনে অপর কোনও উপায়ে উপরোক্ত সুরক্ষিত পরিসম্পদগুলি বিক্রির পূর্ণ অধিকার এআরসিআইএল-এর থাকবে।

স্থান: কলকাতা — **স্বাঃ- অনুমোদিত আধিকারিক**
তারিখ: ২২ জানুয়ারি, ২০২৫ — **অ্যাসেট রিকনস্ট্রাকশন কোম্পানি (ইন্ডিয়া) লিমিটেড**